র্যাগিং-মুক্ত কলেজ ক্যাম্পাস

নিম্নলিখিত বিষয়গুলিকে র্যাগিং বলা হবে :

- ক) কোনো নবাগত বা যেকোনো ছাত্র বা ছাত্রীর প্রতি কোনও বিদ্রুপাত্মক কাজ বা রূঢ় আচরণকে র্যাগিং বলা হয়।
- খ) কোনো নবাগত বা অন্য যেকোনো ছাত্রের পক্ষ থেকে করা অভিযোগ যে, অন্য কোনো ছাত্র তার প্রতি বিশৃঙ্খল বা অপমানকর আচরণ করেছে, যা ওই ছাত্রের বিরক্তি, মনঃকষ্ট অথবা শারীরিক বা মানসিক ক্ষতি করেছে বা তাঁর মধ্যে আতঙ্ক গড়ে তুলেছে।
- গ) নবাগত বা অন্য কোনও ছাত্রকে এমন কিছু কাজ করতে বলা যেগুলি সাধারণভাবে সে কোনদিন করেনি বা যা করতে সে লজ্জা বোধ করবে, পীড়া বোধ করবে, অথবা বিব্রত হবে। এমন কোনও কাজ করতে বলা যাতে নবাগত ছাত্রের শরীরে বা মনে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হয়।
- ঘ) কোন উঁচু ক্লাসের ছাত্রদের নবাগত বা অন্য কোনও ছাত্রের প্রতি করা কিছু আস্বাভাবিক কাজ যা থেকে ঐ নবাগতের সাধারণ পঠন-পাঠনে ছেদ, বিরক্তি বা সমস্যা তৈরি করে।
- ঙ) কোনও উঁচু ক্লাসের ছাত্র বা একদল ছাত্রের পড়াশোনা বিষয়ক কোনও কাজ কোনও নবাগত বা অন্য কোন ছাত্রকে দিয়ে করিয়ে নেওয়া।
- চ) কোনও নবাগত ছাত্র বা অন্য কোন ছাত্রকে উঁচু ক্লাসের ছাত্রদের জন্য খরচ করতে বাধ্য করা বা জোর করে অর্থ ছিনিয়ে নেওয়া।
- ছ) যেকোনো প্রকারের শারীরিক অত্যাচার বা এইধরনের সমস্ত শারীরিক ও মানসিক নিপীড়ন সহ যৌন নিপীড়ন, সমকামী নিপীড়ন, বিবস্ত্র করা, অশ্লীল ও কুরুচিপূর্ণ ব্যবহার করা, নোংরা অঙ্গভঙ্গি করা বা স্বাস্থ্যের অন্য কোনও ক্ষতিসাধন করা।
- জ) লিখিত বক্তব্য, ইমেল বা কোন বক্তব্য সমাজ-মাধ্যমে পোস্ট করা, জনসমক্ষে হেয় করার জন্য এমন কোনও কাজ বা আচরণ যার মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নবাগত ছাত্র বা অন্য কোন ছাত্র বিপর্যস্ত হয়।
- ঝ) কোন ছাত্রের পক্ষ থেকে কোনও নবাগত ছাত্রের প্রতি অধিকার বা ক্ষমতা প্রদর্শন বা ধর্ষকামের লক্ষ্যে করা কোন কাজ যা নবাগত বা অন্য কোন ছাত্রের মানসিক স্বাস্থ্য বা আত্মবিশ্বাসে আঘাত করে।

শ্রীপৎ সিং কলেজের র্যাগিং-বিরোধী সাব-কমিটি দ্বারা জনস্বার্থে প্রচারিত (2024-25 শিক্ষাবর্ষ)

ছাত্র-ছাত্রীরা কিভাবে সাহায্য পেতে পারে:

- ❖ নিজেকে কখনোই একা বা অসহায় ভাববে না। কলেজ প্রসাশন সবসময়ই তোমার সঙ্গে আছে।
- ❖ র্যাগিং -এর কোন ঘটনা ঘটলে দ্বিধাহীন ভাবে বাড়িতে বাবা, মা বা কোন অভিভাবকের সঙ্গে কথা বলো।
- ❖ কলেজের র্য়াগিং বিরোধী কর্মসূচীর তরফ থেকে সকলে সর্বদা তোমাদের সাহায্য করতে প্রস্তুত।

যোগাযোগের জন্য যেকোনো সময় নিম্নলিখিত নম্বরে ফোন, WhatsApp বা Email করো।

8100230890, 9477447940, 7908039526, 9593536174

UGC টোল ফ্রী নম্বর- 1800 1805522

Email (UGC): helpline@antiragging.in

Email (College): antiragging.sscollege2022@gmail.com

- ❖ কলেজ প্রশাসন, স্থানীয় প্রশাসন ও স্থানীয় পুলিশের পক্ষ থেকে সমস্ত রকম সাহায্য করা হবে।
- ❖ যে কেউ র্যাগিং এর বিরুদ্ধে অভিযোগ জানাতে পারে। যাকে র্যাগিং করা হয়েছে সে ছাড়াও প্রত্যক্ষদর্শীও অভিযোগ জানাতে পারে। র্যাগিং -এর ঘটনা ঘটলে নির্দিষ্ট নম্বরে অভিযোগ জানানো সকলের কর্তব্য।
- ❖ র্যাগিং -এর অভিযোগ জানানোর ক্ষেত্রে কোনো দ্বিধা করবে না। অভিযোগকারীর পরিচয় সবক্ষেত্রেই গোপন
 রাখা হবে, তবে সঠিক পদক্ষেপের স্বার্থে সমস্ত বিষয়টি তথ্য-প্রমাণসহ জানাও।
- ❖ অভিযোগ কীভাবে জানাতে হয় সে বিষয়ে আরো বিস্তৃত জানতে হলে র্যাগিং বিরোধী পোর্টাল www.antiragging.in -এ লগ ইন করো বা www.amanmovement.org ওয়েবসাইট দেখো।

শ্রীপৎ সিং কলেজের র্যাগিং-বিরোধী সাব-কমিটি দ্বারা জনস্বার্থে প্রচারিত (2024-25 শিক্ষাবর্ষ)